



কম্পিউন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

টেইলারিং এবং ডেস মেকিং

লেভেল –০২

মডিউল শিরোনামঃ সুইং মেশিন অপারেট করণ

(Module: Operate Sewing Machine)

মডিউল কোড: CBLM- OU-INF-TDM-01-L2-V1



জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধান উপদেষ্টার কার্যালয়,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,
প্রধান উপদেষ্টার কার্যালয়।
১১-১২ তলা, বিনিয়োগ ভবন
ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ইমেইল: ec@nsda.gov.bd
ওয়েবসাইট: www.nstda.gov.bd
ন্যাশনাল স্কিলস পোর্টাল: <http://skillsportal.gov.bd>

এই কম্পিউটারি বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

“সুইং মেশিন অপারেট করণ ” সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত টেইলারিং এবং ডেসমেকিং লেভেল-২ অকুপেশনের কম্পিউটারি স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে টেইলারিং এবং ডেসমেকিং লেভেল-২ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবীর দ্বারা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে টেইলারিং এবং ডেসমেকিং লেভেল-২ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।

----- তারিখে অনুষ্ঠিত ----- কর্তৃপক্ষসভায় অনুমোদিত ।

সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষণার্থীকে সম্পন্ন করতে হবে। এই মডিউল সফলভাবে শেষ করলে আপনি সেলাই মেশিন চালানোর জন্য মৌলিক জ্ঞান অর্জন করতে পারবেন। এটি বিশেষভাবে মডিউলটিতে বিশেষভাবে সেলাইয়ের প্রস্তুতি, সেলাই মেশিনের যন্ত্রাংশ ও এক্সেসরিজ শনাক্ত করা, একক সুই মেশিন চালানো, ওভারলক মেশিন চালানো এবং সরঞ্জাম সংরক্ষণ করা এবং কর্মক্ষেত্র পরিষ্কার করতে পারার দক্ষতা অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশ্লিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লেখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শিট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

সূচিপত্র

কপিরাইট.....	i
সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা.....	v
মডিউল কন্টেন্ট.....	1
শিখনফল (Learning Outcome)- ১ : সেলাইয়ের জন্য প্রস্তুতি গ্রহন করতে পারবে.....	3
শিক্ষণ প্রশিক্ষণ কার্যক্রম/(Learning Activities) ১: সেলাইয়ের জন্য প্রস্তুতি গ্রহন করা.....	5
ইনফরমেশন শিট (Information Sheet) ১: সেলাই মেশিন এর চালানোর প্রস্তুতি.....	6
সেলফ চেক (Self Check)- ১: সেলাই জন্য প্রস্তুত করা.....	11
উত্তরপত্র (Answer Key)-১: সেলাই জন্য প্রস্তুত করা.....	12
টাস্ক শিট ১.১: হ্যান্ড টুলস এর তালিকা তৈরি করুন.....	13
টাস্ক শিট ১.২: প্রয়োজন অনুযায়ী উপযুক্ত টুলস এবং ম্যাটেরিয়াল চিহ্নিত করুন.....	14
টাস্ক শিট ১.৩: টুলস এর অ্যান্ডিকেশন উল্লেখ করুন.....	15
শিখনফল ২: সেলাই মেশিনের যন্ত্রাংশ এবং এক্সেসরিজ শনাক্ত করতে পারবে.....	16
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ২: সেলাই মেশিন যন্ত্রাংশ এবং এক্সেসরিজ শনাক্ত করা.....	17
১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “সেলাই মেশিন যন্ত্রাংশ এবং এক্সেসরিজ শনাক্ত করা” শেখার উপকরণ প্রদান করবেন.....	17
ইনফরমেশন শিট (Information Sheet): ২: সেলাই মেশিন যন্ত্রাংশ এবং এক্সেসরিজ শনাক্ত করা.....	18
সেলফ চেক (Self Check)-২: সেলাই মেশিন যন্ত্রাংশ এবং আনুষাঙ্গিক শনাক্ত করা.....	23
উত্তর পত্র (Answer Key)- ২: সেলাই মেশিন যন্ত্রাংশ এবং আনুষাঙ্গিক শনাক্ত করা.....	24
টাস্ক শিট ২.১: সেলাই মেশিনের পার্টস চিহ্নিতকরণ.....	25
স্পেশিফিকেশন শিট ২.১: সেলাই মেশিনের পার্টস চিহ্নিতকরণ.....	26
টাস্ক শিট ২.২: মেশিন এক্সেসরিজ চিহ্নিত করুন এবং ব্যবহার লিখুন.....	27
স্পেশিফিকেশন শিট ২.২: মেশিন এক্সেসরিজ চিহ্নিত করুন এবং ব্যবহার লিখুন.....	28
শিখনফল ৩: সিঞ্জেল নিডল মেশিন চালাতে পারবে.....	29
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৩: সিঞ্জেল নিডল মেশিন চালানো.....	31
১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “সিঞ্জেল নিডল মেশিন চালানো” শেখার উপকরণ প্রদান করবেন.....	31
ইনফরমেশন শিট (Information Sheet): ৩: সিঞ্জেল নিডল মেশিন চালানো.....	32
সেলফ চেক (Self Check)- ৩: সিঞ্জেল সুতার সেলাই মেশিন চালানো.....	38
উত্তর পত্র (Answer Key)- ৩: সিঞ্জেল সুতার সেলাই মেশিন চালানো.....	39
টাস্ক শিট ৩.১: সেলাইয়ের চাহিদা অনুসারে মেশিন এডজাস্ট করুন.....	40
স্পেশিফিকেশন শিট ৩.১: সেলাইয়ের চাহিদা অনুসারে মেশিন এডজাস্ট করুন.....	41
টাস্ক শিট ৩.২: সিংগল নিডল সুইং মেশিন ব্যবহার করে কাপড় সেলাই করুন.....	42
স্পেশিফিকেশন শিট ৩.২: ২. সিংগল নিডল সুইং মেশিন ব্যবহার করে কাপড় সেলাই করুন.....	43
টাস্ক শিট ৩.৩: অস্বাভাবিক অপারেটিং অবস্থা নির্নয় করুন.....	44
স্পেশিফিকেশন শিট ৩.৩: অস্বাভাবিক অপারেটিং অবস্থা নির্নয় করুন.....	45

শিখনফল -৪: ওভারলক মেশিন চালাতে পারবে	46
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৪: ওভারলক মেশিন চালানো.....	48
১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “ওভারলক মেশিন চালানো” শেখার উপকরণ প্রদান করবেন.....	48
২. ইনফরমেশন শিট ৪ : ওভারলক মেশিন চালানো	48
৩. সেক্স-চেক শিট ৪ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন।.....	48
উত্তরপত্র ৪ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।	48
৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন.....	48
টাস্ক শিট ৪.১: ওভার লক মেশিন চালু করে স্বাভাবিক অপারেশনের জন্য পরীক্ষা করুন	48
টাস্ক শিট ৪.২: ওভারলকিং চাহিদা অনুযায়ী থ্রেডিং সম্পন্ন করুন.....	48
টাস্ক শিট ৪.৩: সকল ধাপ অনুসরণ করে ওভার লক মেশিন ব্যবহার করে কাপড় ওভারলক করুন	48
ইনফরমেশন শিট (Information Sheet): ৪: ওভারলক মেশিন চালানো	49
সেলফ চেক (Self Check)- ৪: ওভারলক মেশিন চালানো.....	56
উত্তর পত্র (Answer Key)- ৪: ওভারলক মেশিন চালানো	57
টাস্ক শিট ৪.১: ওভার লক মেশিন চালু করে স্বাভাবিক অপারেশনের জন্য পরীক্ষা করুন	58
স্পেশিফিকেশন শিট ৪.১: ওভার লক মেশিন চালু করে স্বাভাবিক অপারেশনের জন্য পরীক্ষা করুন	59
টাস্ক শিট ৪.২: ওভারলকিং চাহিদা অনুযায়ী থ্রেডিং সম্পন্ন করুন.....	60
স্পেশিফিকেশন শিট ৪.২: ওভারলকিং চাহিদা অনুযায়ী থ্রেডিং সম্পন্ন করুন.....	61
টাস্ক শিট ৪.৩: সকল ধাপ অনুসরণ করে ওভার লক মেশিন ব্যবহার করে কাপড় ওভারলক করুন	62
স্পেশিফিকেশন শিট ৪.৩: সকল ধাপ অনুসরণ করে ওভার লক মেশিন ব্যবহার করে কাপড় ওভারলক করুন	63
শিখনফল ৫: টুলস সংরক্ষণ এবং কর্মক্ষেত্র পরিষ্কার করতে পারবে	64
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৫: টুলস সংরক্ষণ এবং কর্মক্ষেত্র পরিষ্কার করতে পারবে.....	65
১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “টুলস সংরক্ষণ এবং কর্মক্ষেত্র পরিষ্কার করা” শেখার উপকরণ প্রদান করবেন.....	65
ইনফরমেশন শিট (Information Sheet): ৫: টুলস সংরক্ষণ এবং কর্মক্ষেত্র পরিষ্কার করা	66
সেলফ চেক (Self Check)- ৫: টুলস সংরক্ষণ এবং কর্মক্ষেত্র পরিষ্কার করা	70
উত্তর পত্র (Answer Key)- ৫: টুলস সংরক্ষণ এবং কর্মক্ষেত্র পরিষ্কার করা.....	71
টাস্ক শিট ৫.১: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী কর্মক্ষেত্র পরিষ্কার, বর্জ্য পদার্থ ডিসপোজ এবং পরিষ্কার করে যথাযথ স্থানে নিরাপদে সংরক্ষণ করা.....	72
স্পেশিফিকেশন শিট ৫.১: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী কর্মক্ষেত্র পরিষ্কার, বর্জ্য পদার্থ ডিসপোজ এবং পরিষ্কার করে যথাযথ স্থানে নিরাপদে সংরক্ষণ করা	73
দক্ষতা পর্যালোচনা (Review of Competency)	74
সিবিএলএম প্রনয়ন	75

মডিউল কন্টেন্ট

ইউ ও সি শিরোনাম	সুইং মেশিন অপারেট করা (Operate Sewing Machine)
ইউ ও সি কোড	OU-INF-TDM-01-L2-V1
মডিউল শিরোনাম	সুইং মেশিন অপারেট করন (Operating Sewing Machine)
মডিউলের বর্ণনা	<p>এই ইউনিটে সেলাই মেশিন চালানোর জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা এবং মনোভাব অন্তর্ভুক্ত করা হয়েছে।</p> <p>মডিউলটিতে বিশেষভাবে সেলাইয়ের প্রস্তুতি, সেলাই মেশিনের যন্ত্রাংশ ও এক্সেসরিজ শনাক্ত করা, একক সুই মেশিন চালানো, ওভারলক মেশিন চালানো এবং সরঞ্জাম সংরক্ষণ করা এবং কর্মক্ষেত্র পরিষ্কার করতে পারার দক্ষতা অন্তর্ভুক্ত রয়েছে।</p>
নমিনাল সময়	৪০ ঘন্টা
শিখনফল	<p>মডিউলটির প্র্যাকটিস শেষ করার পর প্রশিক্ষার্থীরা নিম্নবর্ণিত জবগুলো করতে সমর্থ হবে:</p> <ol style="list-style-type: none">১. সেলাইয়ের জন্য প্রস্তুতি গ্রহন করতে পারবে২. সেলাই মেশিনের যন্ত্রাংশ এবং এক্সেসরিজ শনাক্ত করতে পারবে৩. সিংগল নিডল মেশিন চালাতে পারবে৪. ওভার লক মেশিন চালাতে পারবে১. টুলস সংরক্ষণ এবং কর্মক্ষেত্র পরিষ্কার করতে পারবে

অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া: (Assessment Criteria)

১. জবের চাহিদা অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) ব্যবহার করা হয়েছে;
২. কাজের চাহিদা অনুযায়ী নিরাপত্তা গার্ড পরীক্ষা করা হয়েছে;
৩. কাজের প্রয়োজন অনুযায়ী সরঞ্জাম এবং ম্যাটেরিয়ালস চিহ্নিত করা হয়েছে;
৪. কর্মক্ষেত্রের পদ্ধতি অনুযায়ী মেশিন পরিষ্কার করা হয়েছে;
৫. সেলাই মেশিনের পার্টস চিহ্নিত করা হয়েছে;
৬. কাজের প্রয়োজন অনুযায়ী মেশিন এক্সেসরিজ চিহ্নিত করা হয়েছে;
৭. কাজের প্রয়োজন অনুযায়ী মেশিনের এক্সেসরিজ ব্যবহার করা হয়েছে;
৮. সিংগল নিডল সুইং মেশিন চালু এবং অপারেশন করার জন্য চেক করা হয়েছে;
৯. সেলাইয়ের চাহিদা অনুসারে এডজাস্ট করা হয়েছে;
১০. সেলাইয়ের চাহিদা অনুযায়ী সিংগল নিডল সুইং মেশিন ব্যবহার করে কাপড় সেলাই করা হয়েছে;
১১. অপারেশন চলাকালীন অস্বাভাবিক অপারেটিং অবস্থা উল্লেখ করা হয়েছে; এবং কর্মক্ষেত্রের মান অনুযায়ী রিপোর্ট করা হয়েছে
১২. ওভার লক মেশিন চালু করা হয়েছে; এবং স্বাভাবিক অপারেশনের জন্য পরীক্ষা করা হয়েছে;
১৩. ওভারলকিং চাহিদা অনুযায়ী থ্রেডিং সম্পন্ন করা হয়েছে;
১৪. সেলাইয়ের চাহিদা অনুসারে এডজাস্ট করা হয়েছে;
১৫. সেলাইয়ের প্রয়োজন অনুযায়ী ওভার লক মেশিন ব্যবহার করে কাপড় ওভারলক করা হয়েছে;

১৬. অপারেশন চলাকালীন অস্বাভাবিক অপারেটিং অবস্থার উল্লেখ করা হয়েছে; এবং কর্মক্ষেত্রের মান অনুযায়ী রিপোর্ট করা হয়েছে
১৭. কর্মক্ষেত্রের পদ্ধতি অনুযায়ী কর্মক্ষেত্র পরিষ্কার করা হয়েছে
১৮. ২. টুলস এন্ড এক্সেসরিজ পরিষ্কার করে যথাযথ স্থানে সংরক্ষণ করা হয়েছে
১৯. কর্মক্ষেত্র পদ্ধতির অনুসারে বর্জ্য ডিসপোজ করা হয়েছে
২০. মেশিন পরিষ্কার করে ঢেকে রাখা হয়েছে

শিখনফল (Learning Outcome)- ১ : সেলাইয়ের জন্য প্রস্তুতি গ্রহন করতে পারবে

<p>অ্যাসেসমেন্ট মানদণ্ড</p>	<ol style="list-style-type: none"> ১. জবের চাহিদা অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) ব্যবহার করা হয়েছে; ২. কাজের চাহিদা অনুযায়ী নিরাপত্তা গার্ড পরীক্ষা করা হয়েছে; ৩. কাজের প্রয়োজন অনুযায়ী সরঞ্জাম এবং ম্যাটেরিয়ালস চিহ্নিত করা হয়েছে; ৪. কর্মক্ষেত্রের পদ্ধতি অনুযায়ী মেশিন পরিষ্কার করা হয়েছে;
<p>শর্ত ও রিসোর্স</p>	<ol style="list-style-type: none"> ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ ২. সিবিএলএম ৩. হ্যান্ডআউটস ৪. ল্যাপটপ ৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর ৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার ৭. ইন্টারনেট সুবিধা ৮. হোয়াইট বোর্ড ও মার্কার ৯. অডিও ভিডিও ভিভাইস ১০. প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্ট ১১. প্রয়োজনীয় পিপিই
<p>বিষয়বস্তু</p>	<ol style="list-style-type: none"> ১. ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) ২. নিরাপত্তা গার্ড <ul style="list-style-type: none"> ▪ নিডল গার্ড ▪ বেল্ট গার্ড ▪ মোটর গার্ড ▪ আই গার্ড ৩. হ্যান্ড টুলসস পরিচিতি ও ব্যবহার <ul style="list-style-type: none"> ▪ সিজর ▪ ফ্ল্যাট স্ক্রু ড্রাইভার ▪ ফিলিপের স্ক্রু ড্রাইভার ▪ প্লায়ার্স ▪ এডজাস্টেবল রেঞ্চ ▪ স্প্যানার ▪ L-কী ▪ ক্লিনিং ব্রাশ ▪ থ্রেড কাটার ▪ পিচ ওপেনার ▪ বুলার/স্কেল ▪ জিমলেট ▪ মিজারিং টেপ ৪. ম্যাটেরিয়ালস <ul style="list-style-type: none"> ▪ ফ্যাব্রিক ▪ থ্রেড ▪ বোতাম ▪ লেবেল ▪ জিপার ▪ ইন্টারলাইনিং

	<ul style="list-style-type: none"> ▪ ইলাস্টিক ▪ ভেলক্রো ▪ চক/মার্কিং পেন্সিল ▪ বাদামী কাগজ ▪ হুন্ড স্ট্রিং
এক্টিভিটি	<ol style="list-style-type: none"> ১. হ্যান্ড টুলস এর তালিকা তৈরি করুন ২. প্রয়োজন অনুযায়ী উপযুক্ত টুলস এবং ম্যাটেরিয়াল চিহ্নিত করুন ৩. টুলস এর অ্যাপ্লিকেশন উল্লেখ করুন
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. আলোচনা (Discussion) ২. উপস্থাপন (Presentation) ৩. প্রদর্শন (Demonstration) ৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice) ৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice) ৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work) ৭. সমস্যা সমাধান (Problem Solving) ৮. মাথাখাটানো (Brainstorming)
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. লিখিত অভীক্ষা (Written Test) ২. প্রদর্শন (Demonstration) ৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) ৪. পোর্টফলিও (Portfolio)

শিক্ষণ প্রশিক্ষণ কার্যক্রম/(Learning Activities) ১: সেলাইয়ের জন্য প্রস্তুতি গ্রহন করা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. প্রশিক্ষণার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে	১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “সেলাইয়ের জন্য প্রস্তুতি গ্রহন করা শেখার উপকরণ প্রদান করবেন
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ১ : সেলাইয়ের জন্য প্রস্তুতি গ্রহন করা
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ-চেক শিট ১ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ১ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন টাস্ক শিট ১.১: হ্যান্ড টুলস এর তালিকা তৈরি করুন টাস্ক শিট ১.২: প্রয়োজন অনুযায়ী উপযুক্ত টুলস এবং ম্যাটেরিয়াল চিহ্নিত করুন টাস্ক শিট ১.৩: টুলস এর অ্যাপ্লিকেশন উল্লেখ করুন

ইনফরমেশন শীট (Information Sheet) ১: সেলাই মেশিন এর চালানোর প্রস্তুতি

শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ-

- ১.১. ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE)
- ১.২. নিরাপত্তা গার্ড
- ১.৩. হ্যান্ড টুলসস পরিচিতি ও ব্যবহার
- ১.৪. ম্যাটেরিয়ালস





১.১. ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE)

ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) হল সেইসব যন্ত্রপাতি যা কাজ করার সময় কর্মীকে সুরক্ষা দেয় এবং দুর্ঘটনা বা আঘাত থেকে রক্ষা করে। সুইং মেশিনে সেলাই কাজের জন্য নিম্নলিখিত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জামসমূহ প্রয়োজন হয়।

পণ্য		বর্ণনা
গ্লাভস		হাতের সুরক্ষা নিশ্চিত করে।
সেফটি গগলস		চোখের সুরক্ষা দেয়।
মাস্ক		শ্বাসপ্রশ্বাসের সুরক্ষা দেয়।
এপ্রন		সেলাইয়ের সময় বিভিন্ন ধরনের দাগ, ময়লা, বা ছোট ছোট কাপড়ের টুকরা শরীরে লাগতে পারে। এপ্রন এই সব কিছু থেকে আমাদের শরীরকে রক্ষা করে।



১.২. নিরাপত্তা গার্ড










সেলাই মেশিনের নিরাপত্তা গার্ডগুলি বিভিন্ন উপাদানগুলির ক্ষতি বা দুর্ঘটনা প্রতিরোধে সাহায্য করে। কিছু সাধারণ নিরাপত্তা গার্ড সম্পর্কে নীচে দেওয়া হলো:



গার্ডের নাম		বর্ণনা
নিডল গার্ড		এটি সেলাই মেশিনের সূঁচের চারপাশে স্থাপন করা হয়, যাতে কর্মী সূঁচের আঘাত থেকে রক্ষা পান।
বেল্ট গার্ড		এটি মেশিনের বেল্টের চারপাশে থাকে, যা মেশিনের চলন্ত অংশের সঙ্গে সম্পর্কিত দুর্ঘটনা থেকে সুরক্ষা দেয়।
মোটর গার্ড		মোটরের চারপাশে স্থাপিত গার্ডটি মেশিনের মোটরের মধ্যে দুর্ঘটনা প্রতিরোধে সাহায্য করে।
আই গার্ড		আই গার্ড একটি সুরক্ষা গার্ড যা চোখের সুরক্ষা দেয় এবং মেশিনের চলন্ত অংশ থেকে নিরাপদ রাখে।

১.৩. হ্যান্ড টুলস-এর পরিচিতি ও ব্যবহার

হ্যান্ড টুলস হল বিভিন্ন যন্ত্রপাতি যা টেইলারিং ও ডেসমেকিংয়ে ব্যবহৃত হয়, এবং প্রতিটি টুলের নিজস্ব কার্যকরী উদ্দেশ্য থাকে।

হ্যান্ড টুলস		বর্ণনা
সিজর		সিজর হল একটি ধারালো কাঁচি, যা কাপড় কাটার কাজে ব্যবহৃত হয়।
ফ্ল্যাট স্ক্রু ড্রাইভার		ফ্ল্যাট স্ক্রু ড্রাইভার স্ক্রুগুলো খুলতে বা বন্ধ করতে ব্যবহৃত হয়, যার মাথা সোজা এবং সরু।





ফিলিপ্স স্ক্রু ড্রাইভার		ফিলিপ্স স্ক্রু ড্রাইভার একটি ক্রস আকৃতির মাথায়ুক্ত স্ক্রু ড্রাইভার যা ফিলিপ্স স্ক্রুগুলোর জন্য ব্যবহৃত হয়।
প্লায়ার্স		প্লায়ার্স হল এক ধরনের হ্যান্ড টুলস যা নিডেল, তার, তারকাটা বা ছোট অংশের উপাদানগুলি গ্রিপ বা টেনে বের করতে ব্যবহৃত হয়।
এডজাস্টেবল রেঞ্চ		এটি একটি হ্যান্ড টুলস যা বিভিন্ন আকারের নাট-বোল্ট খুলতে বা আঁটাতে ব্যবহৃত হয়।
স্প্যানার		স্প্যানার বিভিন্ন আকারের নাট-বোল্ট খুলতে ব্যবহৃত হয় এবং এটি সোজা বা বাঁকা আকৃতির হতে পারে।
L-কী		এটি একটি বিশেষ হাতযন্ত্র যা কুঁচি বা কোণায় অবস্থান করা নাট-বোল্ট খুলতে ব্যবহৃত হয়।
ক্লিনিং ব্রাশ		ক্লিনিং ব্রাশ সেলাই মেশিন বা অন্যান্য টুলস পরিষ্কার করার জন্য ব্যবহৃত হয়।
থ্রেড কাটার		থ্রেড কাটার একটি ছোট হ্যান্ড টুলস যা সেলাই করা থ্রেড কাটতে ব্যবহৃত হয়।
স্টিচ ওপেনার		স্টিচ ওপেনার হল একটি হ্যান্ড টুলস যা ভুল সেলাইগুলো খুলতে ব্যবহৃত হয়।
বুলার/স্কেল		বুলার বা স্কেল কাপড় মাপার জন্য ব্যবহৃত হয়।

জিমলেট		জিমলেট একটি ছোট হ্যান্ড টুলস যা কাপড়ে গর্ত করার জন্য ব্যবহৃত হয়।
মিজারিং টেপ		মিজারিং টেপ কাপড় বা অন্যান্য বস্তু মাপতে ব্যবহৃত হয়, এটি নমনীয় এবং মাপের পরিবর্তন অনুযায়ী শক্তি পরিবর্তন করে।

১.৪. ম্যাটেরিয়ালস

টেইলরিং এবং ডেসমেকিং যের জন্য বিভিন্ন ধরনের উপকরণ ব্যবহৃত হয়। এর মধ্যে কিছু প্রধান উপকরণ:

ম্যাটেরিয়ালস		বর্ণনা
ফ্যাব্রিক		ফ্যাব্রিক হল কাপড়, যা পোশাক তৈরিতে ব্যবহৃত হয়।
থ্রেড		থ্রেড হল সূতো যা কাপড় বা ফ্যাব্রিক সেলাই করতে ব্যবহৃত হয়।
বোতাম		বোতাম হল একটি ছোট ফাস্টেনিং উপকরণ যা পোশাকের বিভিন্ন অংশ বন্ধ করতে ব্যবহৃত হয়।
লেবেল		লেবেল হলো পোশাক বা অন্য যন্ত্রের পরিচিতি বা ব্র্যান্ডিং চিহ্ন।
জিপার		জিপার একটি ফাস্টেনিং ডিভাইস যা কাপড়ের সুরক্ষিতভাবে বন্ধ করার জন্য ব্যবহৃত হয়।
ইন্টারলাইনিং		ইন্টারলাইনিং একটি অতিরিক্ত স্তর যা কাপড়ে স্থিতিশীলতা বা শক্তি প্রদান করে।
ইলাস্টিক		ইলাস্টিক কাপড়ে প্রসারিত হওয়া এবং সঠিক আকার ধারণ করতে সাহায্য করে, যেমন প্যান্ট বা ওয়েস্টব্যান্ডে ব্যবহৃত হয়।

ভেলক্রো		ভেলক্রো দুটি অংশে বিভক্ত এক ধরনের ক্লোজিং ডিভাইস যা দ্রুত খুলতে বা বন্ধ করতে ব্যবহৃত হয়।
চক/মার্কিং পেন্সিল		এটি কাপড় বা ফ্যাব্রিকে কাটিং বা সেলাইয়ের জন্য নির্দেশক চিহ্ন রাখার জন্য ব্যবহৃত হয়।
বাদামী কাগজ		বাদামী কাগজ সাধারণত প্যাটার্ন তৈরিতে ব্যবহৃত হয়।
হুকড		হুকড ছোট অংশের ফাস্টেনিং হিসেবে ব্যবহৃত হয়, যেমন পোশাকের বোতাম বা হকের জন্য।
ড স্ট্রিং		ড স্ট্রিং সাধারণত একটি সুতো বা স্ট্র্যাপ হিসেবে ব্যবহৃত হয় যা একটি ব্যাগ, প্যাক, বা অন্য কোনও সুরক্ষিত স্থানে বন্ধ বা খোলা রাখার জন্য ব্যবহৃত হয়। এটি প্রায়ই পোশাক, ব্যাগ, বা প্যাকেজিংয়ের অংশ হিসাবে দেখা যায়।

সেলফ চেক (Self Check)- ১: সেলাই জন্য প্রস্তুত করা

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

১. ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) কী?

উত্তর:

২. নিরাপত্তা গার্ড কি এবং এর উদাহরণ কী?

উত্তর:

৩. হ্যান্ড টুলস কী এবং এগুলি কীভাবে ব্যবহার করা হয়?

উত্তর:

৪. ফ্যাব্রিক কী এবং এর ব্যবহার কী?

উত্তর:

৫. থ্রেড কী এবং এটি কী কাজে লাগে?

উত্তর:

৬. জিপার কী এবং এটি কোথায় ব্যবহৃত হয়?

উত্তর:

উত্তরপত্র (Answer Key)-১: সেলাই জন্য প্রস্তুত করা

১. ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) কী?

উত্তর: PPE হল সেইসব সরঞ্জাম যা কর্মীদের দুর্ঘটনা বা আঘাত থেকে রক্ষা করে, যেমন হেলমেট, গ্লাভস, সেফটি গগলস, মাস্ক, এবং এপ্রন।

২. নিরাপত্তা গার্ড কি এবং এর উদাহরণ কী?

উত্তর: নিরাপত্তা গার্ডগুলি মেশিনের অংশ থেকে দুর্ঘটনা রোধ করে, যেমন নিডল গার্ড, বেল্ট গার্ড, মোটর গার্ড, এবং আই গার্ড।

৩. হ্যান্ড টুলস কী এবং এগুলি কীভাবে ব্যবহার করা হয়?

উত্তর: হ্যান্ড টুলস হল ছোট যন্ত্রপাতি যেমন সিজর, স্ক্রু ড্রাইভার, প্লায়ার্স যা টেইলারিং ও ডেসমেকিংয়ে ব্যবহৃত হয়।

৪. ফ্যাব্রিক কী এবং এর ব্যবহার কী?

উত্তর: ফ্যাব্রিক হল কাপড় যা পোশাক তৈরি করতে ব্যবহৃত হয়।

৫. থ্রেড কী এবং এটি কী কাজে লাগে?

উত্তর: থ্রেড হল সূতো যা কাপড় সেলাই করতে ব্যবহৃত হয়।

৬. জিপার কী এবং এটি কোথায় ব্যবহৃত হয়?

উত্তর: জিপার হল একটি ফাস্টেনিং ডিভাইস যা কাপড় বা পোশাকের অংশ বন্ধ করার জন্য ব্যবহৃত হয়।

টাস্ক শিট ১.২: প্রয়োজন অনুযায়ী উপযুক্ত টুলস এবং ম্যাটেরিয়াল চিহ্নিত করুন

পদক্ষেপ

১. কাজের ক্ষেত্র পরিদর্শন করুন এবং কাজের পরিধি নির্ধারণ করুন।
২. প্রয়োজনীয় সরঞ্জাম এবং উপকরণের একটি তালিকা তৈরি করুন।
৩. তালিকা অনুযায়ী সরঞ্জাম এবং উপকরণ সংগ্রহ করুন।
৪. কাজের জন্য উপযুক্ত পিপিই নির্বাচন করুন এবং পরিধান করুন

টাস্ক শিট ১.৩: টুলস এর অ্যান্ডিকেশন উল্লেখ করুন

পদক্ষেপ

১. কাজের ধরণ নির্ধারণ করুন: প্রথমে, আপনি যে কাজটি করতে যাচ্ছেন তা নির্ধারণ করুন। যেমন - পোশাক তৈরি, মেরামত, বা অন্য কোনো কাজ।
২. প্রয়োজনীয় সরঞ্জাম চিহ্নিত করুন: কাজের ধরনের উপর ভিত্তি করে প্রয়োজনীয় সরঞ্জাম যেমন - কাঁচি, টেপ পরিমাপ, পিন, সুঁই, থ্রেড ইত্যাদি চিহ্নিত করুন।
৩. উপযুক্ত উপকরণ নির্বাচন করুন: পোশাকের কাপড়, থ্রেড, বোতাম, জিপার ইত্যাদি আপনার প্রয়োজন অনুযায়ী নির্বাচন করুন।
৪. পিপিই পরিধান করুন: কাজ শুরু করার আগে নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পিপিই যেমন - গগলস, মাস্ক, গ্লাভস এবং অ্যাপ্রন পরিধান করুন।
৫. সরঞ্জাম এবং উপকরণ গুছিয়ে নিন: কাজ শুরু করার আগে আপনার প্রয়োজনীয় সমস্ত সরঞ্জাম এবং উপকরণ হাতের কাছে গুছিয়ে রাখুন।
৬. কাজ শুরু করুন: এবার আপনি আপনার নির্বাচিত কাজ শুরু করতে পারেন।

শিখনফল ২: সেলাই মেশিনের যন্ত্রাংশ এবং এক্সেসরিজ শনাক্ত করতে পারবে

অ্যাসেসমেন্ট মানদণ্ড	<ol style="list-style-type: none"> ১. সেলাই মেশিনের পার্টস চিহ্নিত করা হয়েছে; ২. কাজের প্রয়োজন অনুযায়ী মেশিন এক্সেসরিজ চিহ্নিত করা হয়েছে; ৩. কাজের প্রয়োজন অনুযায়ী মেশিনের এক্সেসরিজ ব্যবহার করা হয়েছে;
শর্ত ও রিসোর্স	<ol style="list-style-type: none"> ১. কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ ২. সিবিএলএম ৩. হ্যান্ডআউটস ৪. ল্যাপটপ ৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর ৬. কাগজ, কলম, পেন্সিল ও ইরেজার ৭. ইন্টারনেট সুবিধা ৮. হোয়াইট বোর্ড ও মার্কার ৯. অডিও ভিডিও ভিভাইস ১০. প্রয়োজনীয় হ্যান্ড এন্ড মেজারিং টুলসস ১১. প্রয়োজনীয় টুলস এন্ড ইকুইপমেন্ট ১২. প্রয়োজনীয় পিপিই
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> ১. সেলাই মেশিনের পার্টসসমূহ ২. মেশিন এক্সেসরিজসমূহ ৩. মেশিনের এক্সেসরিজ এর ব্যবহার
অ্যাক্টিভিটি/টাস্ক/জব	<ol style="list-style-type: none"> ১ সেলাই মেশিনের পার্টস চিহ্নিত করুন ২ মেশিন এক্সেসরিজ চিহ্নিত করুন ৩ মেশিনের এক্সেসরিজ ব্যবহার উল্লেখ করুন
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. আলোচনা (Discussion) ২. উপস্থাপন (Presentation) ৩. প্রদর্শন (Demonstration) ৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice) ৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice) ৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work) ৭. সমস্যা সমাধান (Problem Solving) ৮. মাথাখাটানো (Brainstorming)
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. লিখিত অভীক্ষা (Written Test) ২. প্রদর্শন (Demonstration) ৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) ৪. পোর্টফলিও (Portfolio)

প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ২: সেলাই মেশিন যন্ত্রাংশ এবং এক্সেসরিজ সনাক্ত করা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।




শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. প্রশিক্ষণার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে।	১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “সেলাই মেশিন যন্ত্রাংশ এবং এক্সেসরিজ সনাক্ত করা” শেখার উপকরণ প্রদান করবেন
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ২ : সেলাই মেশিন যন্ত্রাংশ এবং এক্সেসরিজ সনাক্ত করা
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ-চেক শিট ২ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ২ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন টাস্ক শিট ২.১: সেলাই মেশিনের পার্টস চিহ্নিতকরণ টাস্ক শিট ২.২: মেশিন এক্সেসরিজ চিহ্নিত করুন এবং ব্যবহার লিখুন

ইনফরমেশন শিট (Information Sheet): ২: সেলাই মেশিন যন্ত্রাংশ এবং এক্সেসরিজ সনাক্ত করা

শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ-

- ২.১. সেলাই মেশিনের পার্টসসমূহ
- ২.২. মেশিন এক্সেসরিজসমূহ
- ২.৩. মেশিনের এক্সেসরিজ এর ব্যবহার

২.১. সেলাই মেশিনের পার্টসসমূহ

পার্ট		বর্ণনা
নিডল		সেলাই মেশিনের সূঁচ, যা কাপড়ে সেলাই করতে ব্যবহৃত হয়।
ফুট পেডাল		মেশিন চালানোর জন্য পেডাল, যা পা দিয়ে চাপলে মেশিনের গতি নিয়ন্ত্রণ করা যায়।
টেনশন ডিস্ক		থ্রেডের টেনশন নিয়ন্ত্রণ করার জন্য ব্যবহৃত অংশ।

স্পুল পিন		থ্রেডের রিল বা সুতো রাখার জন্য ব্যবহৃত পিন।
ববিন		সেলাইয়ের নিচে ব্যবহৃত সুতো রাখার জন্য ছোট রিল।
ববিন কভার		ববিনটি ঢাকার জন্য ব্যবহৃত কভার, যা ববিনের স্থান নিরাপদ রাখে।
প্রেসার ফুট		কাপড়টি সেলাই করার সময় তা স্থির রাখার জন্য ব্যবহৃত ফুট।

স্টিচ প্লেট		মেশিনের সেই অংশ যা সেলাইয়ের গতি এবং স্টিচের গভীরতা নিয়ন্ত্রণ করে।
ফিড ডগ		কাপড়কে মেশিনের নীচে সোজা করে সেলাই করার জন্য ফিড ডগ মুভ করে।

২.২. মেশিন এক্সেসরিজসমূহ

এক্সেসরিজ নাম		বর্ণনা
সাধারণ প্রেসার ফুট		এটি একটি সাধারণ সেলাই ফুট, যা ফ্যাব্রিকের উপর চাপ প্রয়োগ করে সেলাইয়ের সময় সঠিকভাবে থ্রেড প্রবাহিত হতে সাহায্য করে।
কমপেনসেটিং প্রেসার ফুট		এই ফুটটি বিশেষভাবে ব্যবহৃত হয় যখন সেলাইয়ের সময় ফ্যাব্রিকের বিভিন্ন স্তর থাকে। এটি ফ্যাব্রিকের টান এবং চাপ সামঞ্জস্য করতে সাহায্য করে।

জিপার গাইড		এটি একটি বিশেষ গাইড, যা জিপার সেলাই করার সময় সেলাইয়ের পথ নির্দেশ করে এবং সেলাই করার ক্ষেত্রে সঠিক দিকনির্দেশনা দেয়।
হেমিং গাইড		এই গাইডটি ফ্যাব্রিকের প্রান্ত সেলাই করার জন্য ব্যবহৃত হয়, যা সেলাইয়ের সঠিক দৈর্ঘ্য এবং নিখুঁত সমান প্রান্ত তৈরি করতে সাহায্য করে।
পাইপিং প্রেসার ফুট		এটি বিশেষভাবে পাইপিং সেলাইয়ের জন্য ব্যবহৃত হয়, যেখানে ফ্যাব্রিকের মধ্যে একটি পিপিং বা টিউবের মতো সেলাই বসানো হয়।

২.৩. মেশিনের এক্সেসরিজ এর ব্যবহার

এক্সেসরিজ নাম	ব্যবহার	বিশেষত্ব
সাধারণ প্রেসার ফুট	সাধারণ সেলাইয়ের জন্য ব্যবহৃত, ফ্যাব্রিককে সমানভাবে ধরে রাখতে সহায়তা করে।	সেলাইয়ের সময় ফ্যাব্রিকের উপর সমান চাপ প্রয়োগ করে, যাতে সেলাই মসৃণ এবং সঠিক হয়।
কমপেনসেটিং প্রেসার ফুট	ফ্যাব্রিকের মোটা বা পাতলা স্তরকে সামঞ্জস্য রেখে সেলাই করে।	সেলাইয়ের টান কমিয়ে, ফ্যাব্রিককে সুন্দরভাবে ধরে রাখে, বিশেষ করে কাভার স্টিচ বা আন্ডারস্টিচিংয়ের জন্য।
জিপার গাইড	জিপার সেলাই করার সময় সঠিকভাবে সেলাই করতে সাহায্য করে।	সেলাইয়ের পথে একটি নির্দিষ্ট নির্দেশনা প্রদান করে, যাতে জিপার সেলাই সোজা এবং সঠিকভাবে হয়।

হেমিং গাইড	হেমিং বা ফ্যাব্রিকের প্রান্ত সেলাই করার জন্য ব্যবহৃত।	সেলাইয়ের সঠিক দৈর্ঘ্য এবং প্রান্তে নিখুঁত সোজা সেলাই নিশ্চিত করে, যাতে সেলাইয়ের প্রান্ত ভালোভাবে ফিনিশ হয়।
পাইপিং প্রেসার ফুট	পাইপিং সেলাইয়ের জন্য ব্যবহৃত, সেলাইয়ের সময় পাইপিংকে সঠিকভাবে ধরে রাখে।	সেলাইয়ের সময় পাইপিং ফ্যাব্রিকের মধ্যে সুন্দরভাবে বসানো নিশ্চিত করে, যার ফলে পোশাকের ডিজাইন বা ফিনিশিং সুন্দর হয়।

সেলফ চেক (Self Check)-২: সেলাই মেশিন যন্ত্রাংশ এবং আনুষঙ্গিক সনাক্ত করা
প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

১. স্পুল পিন (Spool Pin) কী?

উত্তর:

২. ববিন (Bobbin) কী?

উত্তর:

৩. ববিন কভার (Bobbin Cover) কী?

উত্তর:

৪. ফুট প্রেসার (Foot Presser) কী কাজ করে?

উত্তর:

৫. ফিলিপ্স স্ক্রু ড্রাইভার (Philips Screw Driver) কী?

উত্তর:

উত্তর পত্র (Answer Key)- ২: সেলাই মেশিন যন্ত্রাংশ এবং আনুষঙ্গিক সনাক্ত করা

১. স্পুল পিন (Spool Pin) কী?

উত্তর: থ্রেডের রিল বা সুতো রাখার জন্য ব্যবহৃত পিন।

২. ববিন (Bobbin) কী?

উত্তর: সেলাইয়ের নিচে ব্যবহৃত সুতো রাখার জন্য ছোট রিল।

৩. ববিন কভার (Bobbin Cover) কী?

উত্তর: ববিনটি ঢাকার জন্য ব্যবহৃত কভার, যা ববিনের স্থান নিরাপদ রাখে।

৪. ফুট প্রেসার (Foot Presser) কী কাজ করে?

উত্তর: কাপড় বা ফ্যাব্রিক সেলাই করার সময় তা যথাস্থানে রাখার জন্য ব্যবহৃত অংশ।

৫. ফিলিপ্স স্ক্রু ড্রাইভার (Philips Screw Driver) কী?

উত্তর: স্ক্রু সঠিকভাবে ঢোকানো বা বের করার জন্য ব্যবহৃত।

টাস্ক শিট ২.১: সেলাই মেশিনের পার্টস চিহ্নিতকরণ

উদ্দেশ্য: এই টাস্ক শিটটি আপনাকে সেলাই মেশিনের বিভিন্ন পার্টস চিহ্নিত করতে এবং তাদের কাজ বুঝতে সাহায্য করবে। একটি সেলাই মেশিনের সঠিক অংশগুলি জানা আপনাকে আরও দক্ষতার সাথে সেলাই করতে সাহায্য করবে।

পদক্ষেপ:

১. সেলাই মেশিনটি পর্যবেক্ষণ করুন এবং প্রধান পার্টগুলো চিহ্নিত করুন।
২. প্রতিটি অংশের নাম লিখুন এবং তার কার্যক্ষমতা কী তা সংক্ষেপে বুঝুন।
৩. সেলাই মেশিনের অপারেশন শুরু করার আগে, প্রতিটি অংশের সঠিক অবস্থান এবং ব্যবহার বুঝে নিন।

স্পেশিফিকেশন শিট ২.১: সেলাই মেশিনের পার্টস চিহ্নিতকরণ

প্রয়োজনীয় পিপিই:

ক্রম	পিপিই এর নাম	একক	পরিমাণ
১	সেলাই মেশিনের গ্লাভস	পেয়ার	১
২	সেলাই মেশিনের নিরাপত্তা চশমা	পিস	১
৩	সেলাই মেশিনের এপ্রন	পিস	১

প্রয়োজনীয় টুলস:

ক্রম	টুলস এর নাম	একক	পরিমাণ
১	সেলাই মেশিনের স্ক্রু ড্রাইভার	পিস	১
২	সেলাই মেশিনের নিডল থ্রেডার	পিস	১
৩	থ্রেড কাটার	পিস	১

প্রয়োজনীয় ইকুইপমেন্টস:

ক্রম	নাম	একক	পরিমাণ
১	সেলাই মেশিন	পিস	১
২	সেলাই মেশিনের থ্রেড	রোল	১
৩	সেলাই মেশিনের নিডল	প্যাকেট	১

টাস্ক শিট ২.২: মেশিন এক্সেসরিজ চিহ্নিত করুন এবং ব্যবহার লিখুন

পদক্ষেপ:

১. সেলাই মেশিনের এক্সেসরিজগুলো পর্যবেক্ষণ করুন এবং প্রতিটি এক্সেসরিজের নাম লিখুন
২. প্রতিটি এক্সেসরিজের কার্যকারিতা ও অবস্থান সম্পর্কে পরিষ্কার ধারণা লাভ করুন।
৩. মেশিনের সমস্ত এক্সেসরিজ সঠিকভাবে স্থাপন করুন এবং সেগুলির ব্যবহার সঠিকভাবে নিশ্চিত করুন।

স্পেশিফিকেশন শিট ২.২: মেশিন এক্সেসরিজ চিহ্নিত করুন এবং ব্যবহার লিখুন

প্রয়োজনীয় পিপিই:

ক্রম	পিপিই এর নাম	একক	পরিমাণ
১	সেলাই মেশিনের গ্লাভস	পেয়ার	১
২	সেলাই মেশিনের নিরাপত্তা চশমা	পিস	১
৩	সেলাই মেশিনের এপ্রন	পিস	১

প্রয়োজনীয় টুলস:

ক্রম	টুলস এর নাম	একক	পরিমাণ
১	সেলাই মেশিনের প্রেসার ফুট	পিস	১
২	সেলাই মেশিনের স্ক্রু ডাইভার	পিস	১
৩	ববিন থ্রেড উইন্ডার	পিস	১
৪	সেলাই মেশিনের নিডল থ্রেডার	পিস	১

প্রয়োজনীয় ইকুইপমেন্টস:

ক্রম	নাম	একক	পরিমাণ
১	সেলাই মেশিন	পিস	১
২	সেলাই মেশিনের এক্সেসরিজ প্যাক	প্যাকেট	১
৩	সেলাই মেশিনের থ্রেড	রোল	১

শিখনফল ৩: সিঞ্জেল নিডল মেশিন চালাতে পারবে

<p>অ্যাসেসমেন্ট মানদণ্ড</p>	<ol style="list-style-type: none"> ১. সিঞ্জেল নিডল সুইং মেশিন চালু এবং অপারেশন করার জন্য চেক করা হয়েছে; ২. সেলাইয়ের চাহিদা অনুসারে এডজাস্ট করা হয়েছে; ৩. সেলাইয়ের চাহিদা অনুযায়ী সিংগল নিডল সুইং মেশিন ব্যবহার করে কাপড় সেলাই করা হয়েছে; ৪. অপারেশন চলাকালীন অস্বাভাবিক অপারেটিং অবস্থা উল্লেখ করা হয়েছে; এবং কর্মক্ষেত্রের মান অনুযায়ী রিপোর্ট করা হয়েছে
<p>শর্ত ও রিসোর্স</p>	<ol style="list-style-type: none"> ১. কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ ২. সিবিএলএম ৩. হ্যান্ডআউটস ৪. ল্যাপটপ ৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর ৬. কাগজ, কলম, পেন্সিল ও ইরেজার ৭. ইন্টারনেট সুবিধা ৮. হোয়াইট বোর্ড ও মার্কার ৯. অডিও ভিডিও ভিভাইস ১০. প্রয়োজনীয় পাওয়ার টুলসস ১১. প্রয়োজনীয় পিপিই
<p>বিষয়বস্তু</p>	<ol style="list-style-type: none"> ১. সিংগল নিডল সুইং মেশিনের শ্রেণীবিভাগ ২. সেলাইয়ের চাহিদা অনুসারে এডজাস্ট করার প্রয়োজনীয়তা ৩. কাপড় এর ধরন ৪. সেলাইয়ের ধরন ৫. অস্বাভাবিক অপারেটিং অবস্থা ৬. স্টিচ পার ইঞ্চি
<p>অ্যাক্টিভিটি/টাস্ক/জব</p>	<ol style="list-style-type: none"> ১. সেলাইয়ের চাহিদা অনুসারে মেশিন এডজাস্ট করুন ২. সিংগল নিডল সুইং মেশিন ব্যবহার করে কাপড় সেলাই করুন ৩. অস্বাভাবিক অপারেটিং অবস্থা নির্নয় করুন
<p>প্রশিক্ষণ পদ্ধতি</p>	<ol style="list-style-type: none"> ১. আলোচনা (Discussion) ২. উপস্থাপন (Presentation) ৩. প্রদর্শন (Demonstration) ৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice) ৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice) ৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work) ৭. সমস্যা সমাধান (Problem Solving) ৮. মাথাখাটানো (Brainstorming)
<p>অ্যাসেসমেন্ট পদ্ধতি</p>	<ol style="list-style-type: none"> ১. লিখিত অভীক্ষা (Written Test) ২. প্রদর্শন (Demonstration)

	৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) ৪. পোর্টফলিও (Portfolio)
--	--

প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৩: সিঞ্জেল নিডল মেশিন চালানো

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. প্রশিক্ষণার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে।	১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “সিঞ্জেল নিডল মেশিন চালানো” শেখার উপকরণ প্রদান করবেন
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ৩ : সিঞ্জেল নিডল মেশিন চালানো
৩. সেলফ চেক প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ-চেক শিট ৩ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ৩ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন টাস্ক শিট ৩.১: সেলাইয়ের চাহিদা অনুসারে মেশিন এডজাস্ট করুন টাস্ক শিট ৩.২: সিংগল নিডল সুইং মেশিন ব্যবহার করে কাপড় সেলাই করুন টাস্ক শিট ৩.৩: অস্বাভাবিক অপারেটিং অবস্থা নির্নয় করুন

ইনফরমেশন শীট (Information Sheet): ৩: সিঙ্গেল নিডল মেশিন চালানো

শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ-

- ৩.১. সিংগল নিডল সুইং মেশিনের শ্রেণীবিভাগ
- ৩.২. সেলাইয়ের চাহিদা অনুসারে এডজাস্ট করার প্রয়োজনীয়তা
- ৩.৩. কাপড় এর ধরন
- ৩.৪. সেলাইয়ের ধরন
- ৩.৫. অস্বাভাবিক অপারেটিং অবস্থা
- ৩.৬. স্টিচ পার ইঞ্চি

৩.১. সিংগল নিডল সুইং মেশিনের শ্রেণীবিভাগ

শ্রেণী		বর্ণনা
ম্যানুয়াল সেলাই মেশিন		এই ধরনের মেশিনে পেডাল বা হাত দিয়ে সেলাই করা হয় এবং সাধারণত ছোট-scale সেলাই কাজের জন্য ব্যবহৃত হয়।
মোটর চালিত সেলাই মেশিন		এই মেশিনে বিদ্যুৎ ব্যবহৃত হয় এবং একটি পেডাল দ্বারা নিয়ন্ত্রণ করা হয়, এটি দ্রুত সেলাইয়ের জন্য উপযুক্ত।




<p>অটোমেটিক সেলাই মেশিন</p>		<p>এটি বিভিন্ন সেলাইয়ের ধরন স্বয়ংক্রিয়ভাবে তৈরি করতে পারে এবং সেলাইয়ের গতি ও দৈর্ঘ্য নির্ধারণ করা যায়।</p>
<p>লকস্টিচ মেশিন</p>		<p>লকস্টিচ প্রযুক্তি ব্যবহার করে, যেখানে দুটি সুতো একে অপরকে আটকায় এবং সেলাই শক্তিশালী হয়।</p>

৩.২. সেলাইয়ের চাহিদা অনুসারে এডজাস্ট করার প্রয়োজনীয়তা

চাহিদা	এডজাস্ট করার প্রয়োজনীয়তা
সেলাইয়ের দৈর্ঘ্য	সেলাইয়ের দৈর্ঘ্য দীর্ঘ বা সংক্ষিপ্ত হতে পারে, যা কাপড়ের ধরন বা সেলাইয়ের কাজের প্রকার অনুযায়ী সামঞ্জস্য করতে হয়।
সেলাইয়ের প্রকার	বিভিন্ন ধরনের সেলাই যেমন স্ট্রেট স্টিচ, জিগজ্যাগ, লকস্টিচ ইত্যাদি, কাজের চাহিদা অনুযায়ী এগুলোর মধ্যে পরিবর্তন আনতে হতে পারে।
টেনশন	সুতো টেনশন নিয়মিত পরিদর্শন করা প্রয়োজন, যাতে সেলাই সঠিকভাবে হয় এবং সুতো সঠিকভাবে টানানো থাকে।
ফুট প্রেসার	কাপড়ের প্রকার এবং সেলাইয়ের ধরণ অনুযায়ী ফুট প্রেসার সামঞ্জস্য করতে হয়, যাতে কাপড় সঠিকভাবে সেলাইয়ের জন্য প্রস্তুত থাকে।
স্পিড কন্ট্রোল	কাপড় বা সেলাইয়ের ধরন অনুযায়ী মেশিনের গতি কম বা বেশি করা যেতে পারে, যেমন বিশেষ কাজ বা ডিজাইন তৈরির জন্য ধীরে সেলাই করা হতে পারে।




৩.৩. কাপড় এর ধরন

কাপড়ের ধরন		বর্ণনা
কটন		প্রাকৃতিক ফাইবার, সাধারণত হালকা ও শ্বাস-প্রশ্বাসযোগ্য কাপড়, যা গরম আবহাওয়ার জন্য আদর্শ।
লিনেন		সূক্ষ্ম প্রাকৃতিক ফাইবার, হালকা, শ্বাসপ্রশ্বাসযোগ্য, তবে কিছুটা সহজে wrinkles হয়।
পলিয়েস্টার		সিনথেটিক ফাইবার যা টেকসই এবং সহজে রক্ষণাবেক্ষণযোগ্য, তবে কম শ্বাস-প্রশ্বাসযোগ্য।
উল		প্রাকৃতিক ফাইবার, শীতের জন্য আদর্শ, বিশেষ করে সোয়েটার ও সুট তৈরিতে ব্যবহৃত।
নাইলন		সিনথেটিক ফাইবার, যা শক্তিশালী, হালকা এবং জলরোধী।

স্যাটিন		চকচকে, মসৃণ ফিনিশিং সহ কাপড়, সাধারণত বিলাসবহুল পোশাকের জন্য ব্যবহৃত হয়।
জিন্স		শক্ত, টেকসই কাপড় যা সাধারণত জিন্স প্যান্ট ও জ্যাকেট তৈরিতে ব্যবহৃত হয়।
টাফটা		শক্ত ও গা dark চকচকে কাপড় যা সাধারণত বিশেষ অনুষ্ঠানের পোশাক তৈরিতে ব্যবহৃত হয়।

৩.৪. সেলাইয়ের ধরন

সেলাইয়ের ধরন		বর্ণনা
স্ট্রেট স্টিচ		এটি সবচেয়ে সাধারণ সেলাই, যেখানে সুতো সোজা ভাবে যায়। প্রধানত পোশাকের সেলাইয়ে ব্যবহৃত হয়।
জিগজ্যাগ স্টিচ		কাপড়ের প্রান্ত সেলাই করতে, এগুলো শক্তিশালী এবং টেকসই সেলাই তৈরি করে।
লকস্টিচ		দুটি সুতো একে অপরকে আটকে সেলাই করে, এটি শক্তিশালী এবং স্থিতিশীল সেলাই তৈরি করে, যা সাধারণত পোশাকের সেলাইয়ের জন্য ব্যবহার করা হয়।

<p>কর্ডিং স্টিচ</p>		<p>এটি কাপড়ের মধ্যে একটি কার্ড (রজ্জু) সেলাই করে এবং বিশেষভাবে সাজানোর কাজে ব্যবহৃত হয়।</p>
<p>কভার স্টিচ</p>		<p>সাধারণত ত্রি-ফোল্ড সেলাইয়ের জন্য ব্যবহৃত হয়, যা পোশাকের সাজানো এবং সেলাইয়ের জন্য খুব জনপ্রিয়।</p>
<p>এলাস্টিক স্টিচ</p>		<p>বিশেষভাবে পোশাকের আন্ডারওয়্যার বা স্ট্রেচবেল কাপড়ে ব্যবহৃত হয়, এটি কাপড়কে প্রসারিত করতে সহায়তা করে।</p>

৩.৫. অস্বাভাবিক অপারেটিং অবস্থা

অস্বাভাবিক অবস্থা	বর্ণনা
মেশিন থেমে যাওয়া	মেশিন যদি থেমে যায়, সেক্ষেত্রে মোটর, পেডাল, অথবা সুতো আটকে থাকার মতো সমস্যা থাকতে পারে।
থ্রেড জ্যাম	থ্রেড যদি মেশিনে আটকে যায়, সেক্ষেত্রে এটি সেলাইয়ের গতি কমিয়ে দিতে পারে এবং থ্রেডের সঠিক ব্যবহার বাধাগ্রস্ত হয়।
সুই ভাঙা বা বাঁকা	সুই যদি বাঁকা হয়ে যায় বা ভেঙে যায়, তবে সেলাই সঠিকভাবে হবে না। এটি মেশিনের অপারেশনকে প্রভাবিত করে এবং কাজের গতি কমিয়ে দেয়।
টেনশন সমস্যা	যদি টেনশন ঠিকমতো সেট না হয়, তাহলে সেলাই ঠিকভাবে হবে না এবং সেলাইটি আলগা বা শক্ত হয়ে যেতে পারে।
মেশিনের আওয়াজ	অস্বাভাবিক আওয়াজ যদি মেশিনে আসে, তাহলে এটি মেশিনের কোন অংশে সমস্যা হওয়ার ইঙ্গিত হতে পারে, যেমন মোটর বা জিনিভাল শ্যাফট।

৩.৬. স্টিচ পার ইঞ্চি

স্টিচ পার ইঞ্চি	বর্ণনা
স্টিচ পার ইঞ্চি (SPI)	এটি একটি মাপকাঠি যা সেলাইয়ের এক ইঞ্চি অংশে কতগুলি সেলাই থাকে তা নির্দেশ করে। সাধারণত সেলাইয়ের গতি এবং প্রিসিশন নির্ধারণ করতে ব্যবহৃত হয়।
গতি নিয়ন্ত্রণ	SPI এর মান নির্ধারণে মেশিনের গতি নিয়ন্ত্রণ করা গুরুত্বপূর্ণ, যা কাজের ধরন ও কাপড়ের ভিত্তিতে বিভিন্ন হতে পারে।
স্বাভাবিক SPI	সাধারণত একটি পোশাকের সেলাইয়ের জন্য ১০-১২ SPI হতে পারে, তবে কাপড়ের ধরণ এবং কাজের ধরন অনুযায়ী SPI পরিবর্তিত হতে পারে।

সেলফ চেক (Self Check)- ৩: সিঙ্গেল সুতার সেলাই মেশিন চালানো

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

১. লকস্টিচ মেশিনের ব্যবহার কী?

উত্তর:

২. সেলাইয়ের দৈর্ঘ্য কীভাবে সামঞ্জস্য করতে হয়?

উত্তর:

৩. সেলাইয়ের প্রকার পরিবর্তন কেন প্রয়োজন?

উত্তর:

৪. টেনশন কিভাবে সামঞ্জস্য করা হয়?

উত্তর:

উত্তর পত্র (Answer Key)- ৩: সিঙ্গেল সুতার সেলাই মেশিন চালানো

১. লকস্টিচ মেশিনের ব্যবহার কী?

উত্তর: শক্তিশালী সেলাই তৈরি করার জন্য, যেখানে দুটি সুতো একে অপরকে আটকে দেয়।

২. সেলাইয়ের দৈর্ঘ্য কীভাবে সামঞ্জস্য করতে হয়?

উত্তর: কাপড়ের ধরন বা সেলাইয়ের কাজের প্রকার অনুযায়ী দৈর্ঘ্য দীর্ঘ বা সংক্ষিপ্ত করা হয়।

৩. সেলাইয়ের প্রকার পরিবর্তন কেন প্রয়োজন?

উত্তর: কাজের চাহিদা অনুযায়ী স্ট্রেট স্টিচ, জিগজ্যাগ বা লকস্টিচ পরিবর্তন করতে হয়।

৪. টেনশন কীভাবে সামঞ্জস্য করা হয়?

উত্তর: সুতো টেনশন নিয়মিত পরিদর্শন করে সঠিকভাবে সেট করতে হয়।

টাস্ক শিট ৩.১: সেলাইয়ের চাহিদা অনুসারে মেশিন এডজাস্ট করুন

পদক্ষেপ:

১. সেলাইয়ের কাজের ধরন এবং কাপড়ের প্রকার নির্বাচন করুন।
২. মেশিনে স্টিচ টাইপ এবং লেন্থ অ্যাডজাস্ট করুন (যেমন স্টিচ লেন্থ বৃদ্ধি বা হ্রাস করা)।
৩. থ্রেড টেনশন ঠিকভাবে সেট করুন যাতে সেলাই ভালোভাবে হয়।
৪. প্রেসার ফুটের চাপ সঠিকভাবে নির্ধারণ করুন (কাপড়ের গঠন অনুযায়ী)।
৫. সেলাই মেশিনের গতি নিয়ন্ত্রণ করুন (যদি প্রয়োজন হয়, দ্রুত বা ধীরে চালনা করুন)।
৬. পরীক্ষামূলক সেলাই করে মেশিনের সেটিংস পরীক্ষা করুন এবং প্রয়োজনে পুনরায় অ্যাডজাস্ট করুন।

স্পেশিফিকেশন শিট ৩.১: সেলাইয়ের চাহিদা অনুসারে মেশিন এডজাস্ট করুন

প্রয়োজনীয় পিপিই

ক্রম	পিপিই এর নাম	একক	পরিমাণ
১	সেলাই মেশিনের গ্লাভস	পেয়ার	১
